JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/30/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো জোনস বিচ (JONES BEACH) পর্যন্ত নিরবচ্ছিন্ন উইকএন্ড বাস সার্ভিস নিশ্চিত করার উদ্দেশ্যে স্টেট ফান্ডের 120,000 মার্কিন ডলার ব্যয়ের ঘোষণা প্রদান করেছেন

এর আগে উইকএন্ড সার্ভিস মেমোরিয়াল ডে (Memorial Day) এর পর বন্ধ হওয়া এবং জুনের শেষে পুনরায় চালু হওয়া নির্ধারিত ছিল

তাছাড়া ফান্ডিং সার্ভিসটি শ্রমিক দিবস (Labor Day) এর পর পর্যন্ত বর্ধিত করেছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নাসাউ ইন্টার-কাউন্টি এক্সপ্রেস (Nassau Inter-County Express, NICE) যেন জোনস বিচ পর্যন্ত জুন মাসব্যাপী এবং শ্রমিক দিবস থেকে সেপ্টেম্বরের মাঝামাঝি পর্যন্ত নিরবচ্ছিন্ন উইকএন্ড বাস সার্ভিস প্রদান করতে পারে তা নিশ্চিত করার উদ্দেশ্যে স্টেট ফান্ড থেকে 120,000 মার্কিন ডলার বরাদ্দ দেওয়ার কথা ঘোষণা করেছেন। NICE বাস প্রদত্ত উইকএন্ড সার্ভিস প্রাথমিকভাবে মেমোরিয়াল ডে এর পর বন্ধ হওয়ার এবং জুনের 22 তারিখ সার্ভিস পুনরায় চালু হয়ে শ্রমিক দিবস পর্যন্ত প্রতিদিন চলার বিষয় নির্ধারিত ছিল। গভর্নর কুওমোর নির্দেশনায় অফিস অব পার্কস, রিক্রিয়েশন এন্ড হিস্টোরিক প্রিজারভেশন (Office of Parks, Recreation and Historic Preservation), পরিবহণ বিভাগ (Department of Transportation), এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এবং নাসাউ কাউন্টি উইকএন্ড সার্ভিসে যাতে কোনো বিরতি না থাকে তা নিশ্চিত করার উদ্দেশ্যে এক সমাধানে পৌঁছেছে এবং সেই সাথে উইকএন্ড সার্ভিস শ্রমিক দিবসের পর থেকে সেপ্টেম্বরের 15 তারিখ পর্যন্ত বর্ধিত করেছে।

"জোনস বিচ স্টেট পার্ক (Jones Beach State Park) স্টেটের মধ্যে আমাদের অন্যতম জনপ্রিয় ও সমৃদ্ধ গন্তব্য", **গভর্নর কুওমো বলেন।** "যদি পার্ক খোলা থাকে তাহলে দর্শনার্থীরা সেখানে যাওয়ার জন্য যার উপর নির্ভর করে থাকেন সেই যানবাহনকে কোনো বিঘ্ন ছাড়াই সেখানে যাওয়া উচিত। জোনস বিচে উইকএন্ড বাস সার্ভিস দর্শনার্থীদের জন্য যেমন জরুরি তেমনি স্থানীয় লং আইল্যান্ড অর্থনীতির জন্যও জরুরি যা ব্যাপকভাবে পর্যটনের উপর নির্ভরশীল।"

NICE বাস সার্ভিস 25 মে, শনিবার থেকে 15 সেপ্টেম্বর, রবিবার পর্যন্ত উইকএন্ড সার্ভিস প্রদান করবে। সোমবার থেকে শুক্রবার পর্যন্ত চলা সার্ভিসটি এক ঘন্টা অন্তর অন্তর হবে যেটি সোমবার, 24 জুন থেকে শুরু হয়ে শুক্রবার, 30 আগস্ট পর্যন্ত চলবে যা কোনো ঘন্টার 30 মিনিট পরে ফ্রিপোর্ট থেকে ছেড়ে উক্ত ঘন্টার 55 মিনিট পরে বিচ থেকে ছাড়বে। শনিবার ও রবিবারের সার্ভিস হবে আধ ঘন্টা অন্তর অন্তর, প্রয়োজনে অতিরিক্ত সেবা প্রদান করবে যা প্রতি আধা ঘন্টা পর পর ফ্রিপোর্ট থেকে ছাড়বে এবং কোনো ঘন্টার প্রতি 25 ও 55 মিনিট পর পর বিচ থেকে ছাড়বে।

বাস সার্ভিসটি ফ্রিপোর্টে শুরু হবে সকাল 8:30 টায় এবং শেষ বাসটি বিচ থেকে ছেড়ে আসবে রাত 8:55 টায়। ফ্রিপোর্ট LIRR স্টেশন থেকে জোনস বিচ পর্যন্ত এক রাউন্ডট্রিপ NICE টিকেটের মূল্য 5.50 মার্কিন ডলার। আরও তথ্য এখানে রয়েছে।

গ্রীষ্মকালীন রাইডার সংখ্যা 33,000 জন বলে অনুমান করা হয় যেখানে সপ্তাহের ছুটির দিনের রাইডার সংখ্যা 16,000 জন যারা এই পুনরুদ্ধারকৃত সার্ভিসটির সুবিধা লাভ করবে।

মেমোরিয়াল ডে ও শ্রমিক দিবসের মধ্যে জোনস বিচে আনুমানিক 4 মিলিয়ন দর্শনার্থীর কারণে, NICE সার্ভিসটি বিচ ও স্টেট পার্কে যাওয়ার জন্য একটি কার্যকর ও নির্ঝঞ্ঝাট উপায় হিসেবে প্রমাণিত হয়েছে।

নিউইয়র্ক স্টেট পার্কগুলির ভারপ্রাপ্ত কমিশনার এরিক কুলেসেইড বলেন, "আমাদের স্টেট পার্কগুলো গ্রীষ্মকালীন বেড়ানোর গন্তব্যে শীর্ষস্থানীয় এবং স্থানীয় কমিউনিটির জন্য অর্থনৈতিক চালিকাশক্তি। বাস সার্ভিসের নিরবচ্ছিন্নতা সম্পর্কে উদ্বিগ্নতা ছাড়াই দর্শনার্থীরা জোনস বিচে ভ্রমণের পরিকল্পনা করতে পারবেন এটি নিশ্চিত করার জন্য আমি গভর্নরের সাধুবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত কমিশনার মারি থেরেস ডোমিঙ্গেজ বলেন, "গভর্নর কুওমোর নেতৃত্বকে ধন্যবাদ, বিশ্বের বিখ্যাত সাদা-বালির জোনস বিচ স্টেট পার্কে গুরুত্বপূর্ণ গণ পরিবহন সেবাগুলি পুনরুদ্ধার করা হচ্ছে। লং আইল্যান্ডের গণ পরিবহন সংযোগের জন্য স্টেটের অনুপম সহায়তা নিশ্চিত করে যে পর্যটনকে সহজতর করা এবং কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করার মাধ্যমে এই অঞ্চলটি অর্থনৈতিকভাবে প্রতিযোগিতাপূর্ণ হিসেবে বিদ্যমান আছে।"

নাসাউ কাউন্টি-এর এক্সিকিউটিভ লরা কারান বলেন, "জোনস বিচে আমাদের স্থানীয় কমিউনিটি প্রতি গ্রীষ্মে হাজার হাজার দর্শনার্থীদের স্বাগত জানায় এবং আমাদের জন্য প্রতি দিনই গণ্য। বর্ধিত মওসুমের জন্য পার্কে দৈনিক বাস সার্ভিস পর্যটনের উপর নির্ভরকারী আমাদের স্থানীয় ব্যবসাসমূহের জন্য একটি উপহারস্বরূপ। এই বিনিয়োগের জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাই।"

2011 সাল থেকে স্টেট পার্ক 2020 সালের মধ্যে 65 মিলিয়ন মার্কিন ডলারের অধিক জোনস বিচ স্টেট পার্কের ঐতিহাসিক রাজকীয়তা পুনরুদ্ধার প্রকল্প, নতুন দর্শনার্থীদের আকৃষ্ট করা এবং বহুবর্ষব্যাপী পুনরুজ্জীবিতকরণ পরিকল্পনার অংশ হিসেবে নতুন বিনোদন ফ্যাসিলিটি সৃষ্টির জন্য ব্যয় করেছে। প্রকল্পগুলির অন্তর্ভুক্ত:

শক্তি ও প্রকৃতি শিক্ষা কেন্দ্র (Energy and Nature Education Center)

এই 18 মিলিয়ন মার্কিন ডলারের বর্তমানে নির্মিতব্য প্রকৃতি কেন্দ্র শক্তি সংরক্ষণ ও স্থায়িত্বের প্রচার করবে। PSEG লং আইল্যান্ডের (PSEG Long Island) সাথে একটি পাবলিক-প্রাইভেট অংশীদারিত্বে, লং আইল্যান্ড পাওয়ার অথরিটি (Long Island Power Authority), নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority) এবং বেসরকারি দাতাগণ, অফিস অব পার্কস,

রিক্রিয়েশন এন্ড হিস্টোরিক প্রিজারভেশন ভালো পরিবেশ রক্ষার দায়িত্ব পালনকারী এবং আদর্শ শক্তি ভোক্তা হওয়ার জন্য সব বয়সের দর্শনার্থীদের উৎসাহিত করতে একটি পারস্পরিকভাবে সক্রিয় ফ্যাসিলিটি নির্মাণ করবে। স্টেট পার্ক এর উল্লেখযোগ্য সামুদ্রিক উপকূলীয় আবাসনের সুরক্ষা বৃদ্ধির জন্য পার্কের ওয়েস্ট এন্ডকে একটি পার্ক সংরক্ষণ এলাকা (Park Preservation Area) হিসেবে নির্বাচিত করেছে।

বোর্ডওয়াক ক্যাফে (Boardwalk Café)

একটি উন্মুক্ত ও বায়ু চলাচলপূর্ণ মার্কেট হল ডাইনিং কনসেপ্ট (Market Hall dining concept) এবং স্বতন্ত্র চাপা ছাদ বিশিষ্ট এই 20 মিলিয়ন মার্কিন ডলারের 7,700-বর্গ-ফুটের ক্যাফেটি 2018 সালের জুনে চালু হয় এবং খাদ্য ও পানীয়কে সেন্ট্রাল মলে (Central Mall) নিয়ে আসে যা 2004 সাল পর্যন্ত অনুপস্থিত ছিল যখন কাঠামোগত ব্যর্থতার কারণে পূর্বের ভবনটি ধ্বংসপ্রাপ্ত হয়ে গিয়েছিল। ভবনটি হারিকেন আদর্শে নির্মাণ করা হয়েছিল এবং সমুদ্র স্তর থেকে 20 ফুট উঁচু। এছাড়াও এর 75,000 বর্গ ফুট নির্মাণ করা হয়েছে ব্রাজিলীয় আইপ কাঠ (Brazilian Ipe wood) দিয়ে। এই গ্রীষ্মমণ্ডলীয় শক্তি কাঠ খুবই ক্ষয়রোধী এবং 100 বছর পর্যন্ত টিকে থাকতে পারে যা এটিকে বোর্ডওয়াকের জন্য একটি আদর্শ উপকরণে পরিণত করেছে। ক্যাফেটি পার্কে আতিথেয়তা সেবা প্রদানকারী সংস্থা সেন্টারপ্লেট (Centerplate) কর্তৃক পরিচালিত হয়।

1931 ওয়েস্ট বাথহাউজ সংস্কার

1930 এর দশকের এই ঐতিহাসিক ভবনের 16 মিলিয়ন মার্কিন ডলারের পুনর্নির্মাণের ফলে বাহ্যিক ও অভ্যন্তরীণ উন্নতি ঘটেছে, যার মধ্যে রয়েছে ভবনের আসল আর্ট ডেকো রূপের সাথে মিলিয়ে জানালা স্থাপন, রাজমিস্ত্রির মেরামত, পুল ডেকের প্রতিস্থাপন এবং পুল পরিস্রাবণ সিস্টেম মেরামত করা। দ্বিতীয় তলার অভ্যন্তরটি পুনর্নির্মাণ করা হয়েছিল পুল ও বোর্ডওয়াকের মধ্যে উন্মুক্ত, বায়ু সংযোগ পুনর্নির্মাণের জন্য যা মূল নকশাটির অংশ। পুল থেকে বিচ পর্যন্ত দৃশ্য ও বায়ুপ্রবাহ পুনঃসংযোগ করতে সেন্ট্রাল বে পুনরায় খোলা এ কাজের অন্তর্ভুক্ত। খোদাইকৃত সিলিং বীমসহ তৃতীয় তলার মেরিন ডাইনিং রুম প্রতিদিনের মধ্যাহ্নভোজ ও ডিনারের সুবিধা এবং ছুটির দিনে প্রাতরাশের সুবিধা প্রদান করে - বিয়ের অনুষ্ঠান, প্রমস ও অন্যান্য ইভেন্টগুলির জন্য স্থান ভাড়া প্রদানের জন্য পুনর্নির্মাণ করা হয়েছে।

অতিরিক্ত অগ্রগতি

স্টেট পার্কের মোট 12 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগের ফলে, জোন্স বিচ এর অতিরিক্ত উন্নয়নগুলি দর্শকদের অভিজ্ঞতা বাড়িয়েছে এবং পার্কের ঐতিহাসিক বৈশিষ্ট্যগুলি পুনরুদ্ধার করেছে। 2015 সালে স্টেট পার্ক ফিল্ড 6 কনসেশন বিল্ডিংয়ের (Field 6 Concession Building) খারাপ বাথরুম এবং ডাইনিং এর সংস্কারের কাজ সম্পন্ন করে যা 1948 সালে খোলা হয়েছিল এবং পার্কের জনপ্রিয় বিচ এলাকার মধ্যে অন্যতম একটিতে কাজ করে। উপরন্তু, আবহাওয়া ও বয়সের কারণে কিছু মোজাইক টুকরা পৃথক হয়ে পড়া ও ক্রমাগত ভেঙে পড়ার পরে পার্কের ঐতিহাসিক প্রধান প্রবেশদ্বারে সেন্ট্রাল মল মোজাইকগুলি 2015 সালে সংস্কার করা হয়েছিল। মোজাইকগুলি

পিতলের কারুকাজের সঙ্গে স্লেট এবং সাদাটে কংক্রিট দিয়ে গঠিত। বৃহত্তমটি স্টেট পার্ক সমন্বিত লং আইল্যান্ডের 12-বাই-32 ফুটের একটি মানচিত্র। 2017 সালে, সেন্ট্রাল মলে বিভিন্ন সুবিধা সম্বলিত 1.7 একর ইস্ট গেমস এরিয়া (East Games Area) খোলা হয়েছিল যার মধ্যে শাফেল বোর্ড কোর্ট, কংক্রিট টেবিল টেনিস ও একটি বচি বলের কোর্ট রয়েছে। ইতোমধ্যে, ওয়েস্ট গেমস এরিয়া (West Games Area) ও জাক্স বে (Zach's Bay)-তে 2018 সালের গ্রীষ্মকালীন সময়ের জন্য নতুন খেলার মাঠ সংযুক্ত করা হয়েছিল। এছাড়াও, 2017 সালে ওয়ান্টাগ ও ওশান পার্কওয়েতে (Wantagh and Ocean Parkways) আগমনকারীদের স্বাগত জানানোর জন্য নতুন প্রবেশফলক স্থাপন করা হয়েছিল। "জোনস বিচে স্বাগতম" ফলকটি পার্কের স্বতন্ত্র আর্ট ডেকো স্টাইলের সাথে মিলে রেখে নকশা করা হয়েছে এবং রাতে বিদ্যুৎ সাশ্রয়ী LED লাইট দিয়ে আলোকিত করা হয়। নির্ধারিত সময়সূচি থেকে আগে শেষ হওয়া সর্বশেষ প্রকল্পটি হলো জোনস বিচ শেয়ারকৃত ব্যবহার পথ, একটি নতুন 4.5-মাইল পথ যা পথচারী, স্কেটার এবং সাইক্লিস্টদের শত শত মাইলের পথের প্রবেশ করতে দেওয়ার জন্য বিদ্যমান পথগুলিকে সংযুক্ত করে ও এই অঞ্চলে সবুজ বা পরিবেশবান্ধব পরিবহনের প্রচার করে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন